

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নিবাহী অফিসারের কার্যালয়
ভেড়ামারা, কুষ্টিয়া।
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)

স্মারক নং :- ৫১.০১.৫০১৫.০০০.৪২.০০৪.২৪- (১)

তারিখ : ০৯/০৩/২০২৫ খ্রিঃ।

বিষয় : ২০২৪-২০২৫ অর্থবছরে 'পবিত্র ঈদ-উল-ফিতর' ২০২৫ উপলক্ষে পৌরসভা ও ইউনিয়নওয়ারী ভিজিএফ কর্মসূচীর আওতায় বরাদ্দকৃত খাদ্যশস্য (চাল) বিভাজন প্রদান।

সূত্র : জেলা প্রশাসক, কুষ্টিয়া মহোদয়ের কার্যালয়ের স্মারক নং- ৫১.০১.৫০০০.০০০.৪১.০২৪.২৪.১২৫; তাং-০৫/০৩/২০২৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে, ২০২৪-২০২৫ অর্থ বছরে 'পবিত্র ঈদ-উল-ফিতর' ২০২৫ উপলক্ষে ভিজিএফ কর্মসূচির আওতায় অতিদরিদ্র, অসহায় ও দুঃস্থ পরিবারের মাঝে ১০ (দশ) কেজি হারে খাদ্যশস্য বিতরণের লক্ষে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ২০১৬ এর তথ্য অনুযায়ী ইউনিয়ন ভিত্তিক জনসংখ্যা ও দরিদ্রতার ভিত্তিতে সংশ্লিষ্ট ইউনিয়নের পাশে বর্ণিত নিম্নরূপ বিভাজন অনুযায়ী উপকারভোগীর নামের তালিকা দাখিল করতে হবে। উল্লেখ্য যে, অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক বর্ণিত শর্তানুযায়ী কমপক্ষে ০৪ টি শর্ত পূরণ করে এমন ব্যক্তি/ পরিবার অগ্রাধিকার দিয়ে ইউনিয়ন ও ভেড়ামারা পৌরসভার ভিজিএফ সভার কার্যবিবরণী সহ ০২ (দুই) প্রস্ত উপকারভোগীর নামের তালিকা আগামী ০৩ (তিন) কর্ম দিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ের দুর্যোগ ব্যবস্থাপনা শাখায় দাখিল করার জন্য অনুরোধ করা হলো। ১৬/০৩/২০২৫ তারিখের মধ্যে বিতরণ নিশ্চিত করতে হবে।

ক্রমিক নং	ইউনিয়ন	কার্ড সংখ্যা (জন)	মন্তব্য
১	বাহাদুরপুর	১৬৫৪	
২	মোকারিমপুর	২০১৮	
৩	বাহিরচর	১৪১৯	
৪	চাঁদখাম	৯৭২	
৫	ধরমপুর	২০৯৮	
৬	ছুনিয়াদহ	১৯৭৭	
	সর্বমোট=	১০১৩৮	


ক্রমিক নং	পৌরসভা	কার্ড সংখ্যা (জন)	মন্তব্য
১	ভেড়ামারা পৌরসভা	৩০৮১	

শর্তাবলী :

১. যে পরিবারের মালিকনায় কোন জমি নেই বা ভিটাবাড়ি ছাড়া কোন জমি নেই।
২. যে পরিবার দিন মজুরের আয়ের উপর নির্ভরশীল।
৩. যে পরিবার মহিলা শ্রমিকের আয় বা ভিক্ষাবৃত্তির উপর নির্ভরশীল।
৪. যে পরিবারের উপার্জনক্ষম পূর্ববয়স্ক কোন পুরুষ সদস্য নেই এবং পরিবারটি অসচ্ছল।
৫. যে পরিবারে ছুলাগামী শিশুকে উপার্জনের জন্য কাজ করিতে হয়।
৬. যে পরিবারের উপার্জনশীল কোন ব্যক্তি নেই।
৭. যে পরিবারের প্রধান স্বামী পরিত্যক্তা, বিচ্ছিন্ন বা তালাকপ্রাপ্তা মহিলা এবং পরিবারটি অসচ্ছল।
৮. যে পরিবারের প্রধান অসচ্ছল মুক্তিযোদ্ধা।
৯. যে পরিবারের প্রধান অসচ্ছল ও অক্ষম প্রতিবন্ধী।
১০. যে পরিবার প্রাকৃতিক দুর্যোগে শিকার হয়ে চরম খাদ্য ও অর্থ সংকটে পড়েছে।
১১. যে পরিবার কোন ক্ষুদ্র ঋণ প্রাপ্ত হয়নি।
১২. যে পরিবারে সদস্যরা বছরের অধিকাংশ সময় দু'বেলা খারার পায়না।
১৩. তালিকা প্রস্তুতের সময় বিশেষভাবে লক্ষ রাখতে হবে যেন কোন ক্রমে একই পরিবারের একাধিক ব্যক্তিকে অন্তর্ভুক্ত করা যাবে না।
১৪. সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের আশ্রয়ন প্রকল্পের উপকারভোগীদের অগ্রাধিকার দিতে হবে।

প্রাপক,

চেয়ারম্যান,ইউনিয়ন, ভেড়ামারা, কুষ্টিয়া।


(রফিকুল ইসলাম)

উপজেলা নিবাহী অফিসার
ভেড়ামারা, কুষ্টিয়া।

অনুলিপি সদয় অবগতির জন্য :-

- ১। জেলা প্রশাসক, কুষ্টিয়া।
- ২। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, কুষ্টিয়া।
- ৩। অফিস কপি।